



তথ্যবিবরণী

নম্বর-১৭২

রাজশাহীতে তারুণ্যের উৎসব আন্তঃজেলা অ্যাথলেটিকস প্রতিযোগিতা অনুষ্ঠিত

রাজশাহী; ০৯ মাঘ (২৩ জানুয়ারি):

আজ বৃহস্পতিবার (২৩ জানুয়ারি) সকালে রাজশাহী মুক্তিযুদ্ধ স্মৃতি স্টেডিয়ামে দিনব্যাপী তারুণ্যের উৎসব আন্তঃজেলা অ্যাথলেটিকস প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে প্রতিযোগিতার উদ্বোধন করেন অতিরিক্ত বিভাগীয় কমিশনার মো. রেজাউল আলম সরকার।

প্রধান অতিথির বক্তৃতায় রেজাউল আলম বলেন, শরীর সুস্থ রাখার জন্য খেলাধুলার বিকল্প নেই, আমরা নিজেদের শরীরকে খেলাধুলার মাধ্যমে সুস্থ রাখবো। খেলাধুলার পাশাপাশি লেখাপড়ায় মনোনিবেশ করে নিজেকে দেশ ও জাতি গঠনে উপযুক্ত নাগরিক হিসেবে গড়ে তুলবো।

তিনি বলেন, খেলাধুলায় জয়-পরাজয় থাকবেই এটা নিয়ে হতাশ হওয়া যাবে না। সবাই বিজয়ী হয়ে গেলে সেই প্রতিযোগিতা মূল্যহীন হয়ে যায়। যারা খেলবে তাদের মধ্যে কেউ বিজয়ী হবে আবার কেউ পিছিয়ে থাকবে। যারা পিছিয়ে থাকবে তারা পরবর্তীতে আরও বেশি উৎসাহ-উদ্দীপনা নিয়ে প্রচেষ্টা চালিয়ে যাবে, একদিন সাফল্য আসবেই।

যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক এ.টি.এম. গোলাম মাহবুব এর সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলাদেশ অ্যাথলেটিকস ফেডারেশনের নির্বাহী সদস্য মো. লুৎফর রহমান এবং জেলা ক্রীড়া অফিসার গৌতম কুমার সরকার। অন্যান্যের মধ্যে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থী এবং গণমাধ্যমকর্মী উপস্থিত ছিলেন।

প্রতিযোগিতা শেষে বিভিন্ন ক্যাটাগরিতে বিজয়ীদের হাতে পুরস্কার ও সনদ তুলে দেওয়া হয়।

উল্লেখ্য, ১০টি পুরুষ ও ৮টি মহিলা ইভেন্টসহ মোট ১৮টি ইভেন্টে রাজশাহী বিভাগের ৮ জেলার প্রতিযোগিতা এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করে।

.....
তৌহিদ/আতিক/আলীম/কনক/হালিম/২০২৫/১৩.৪০ঘ.